

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

নম্বর: ৫১.০১.০০০০.০০৪.১৮.০০৩.১৮.২৯৪

তারিখ: ৮ পৌষ ১৪২৭  
২৩ ডিসেম্বর ২০২০

অফিস আদেশ

সরকারি চাকুরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১) (ক) এবং অর্থ মন্ত্রণালয়ের ০৬.০৪.২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০(অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপন অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে কর্মরত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ ফরিদুল ইসলাম মাঝি এস.এস.সি সার্টিফিকেট অনুযায়ী জন্ম তারিখ-০৬/০১/১৯৬২। সে মোতাবেক ০৫/০১/২০২১ খ্রি. তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হবে বিধায় ০৫/০১/২০২১ খ্রি. তারিখে অবসর প্রদান করা হলো এবং ০৬/০১/২০২১ খ্রি. হতে ০৫/০১/২০২২ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণ গড়বেতনে তার অবসর-উত্তর-ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। জাতীয় বেতনস্কেল/২০১৫ এর জারীকৃত প্রজ্ঞাপন এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখার ১৪/১০/২০১৫খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক অনুযায়ী তাঁর বর্তমান মূলবেতন = ২২,৯৬০/- (বাইশ হাজার নয়শত ষাট) টাকা হারে ১৮ (আঠার) মাস মূলবেতনের সমপরিমাণ অর্থ (২২,৯৬০/-x১৮) = ৪,১৩,২৮০/- (চার লক্ষ তের হাজার দুইশত আশি) টাকা এককালীন ল্যাম্পগ্রান্ট হিসেবে মঞ্জুরি প্রদান করা হলো।

- ২। এ ছুটি ও ল্যাম্পগ্রান্ট তাঁর চাকুরি বহিতে লিপিবদ্ধ করতে হবে।  
৩। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৪-১২-২০২০

ড. মো: হাবিব উল্লাহ বাহার  
উপপরিচালক

নম্বর: ৫১.০১.০০০০.০০৪.১৮.০০৩.১৮.২৯৪/১(৯)

তারিখ: ৮ পৌষ ১৪২৭  
২৩ ডিসেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপপরিচালক, বাজেট ও হিসাব অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা
- ৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) ডিআরআরও, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
- ৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাঙ্গলকোট, কুমিল্লা
- ৬) উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নাঙ্গলকোট, কুমিল্লা
- ৭) স্টাটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৮) স্টাটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, প্রশাসন অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জনাব মোঃ ফরিদুল ইসলাম মাঝি, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, নাঙ্গলকোট, কুমিল্লা

২৪-১২-২০২০

ড. মো: হাবিব উল্লাহ বাহার  
উপপরিচালক